

নিরাপদ কার্যক্রম ইনফোগ্রাফিক বাংলাদেশের সিএসও'দের জন্য



রও তথ্যের জন্য, নিরাপদ কার্যক্রম সম্পর্কে [আরএসএইচ \(RSH\)](#) এর চার-পৃষ্ঠার "কর্ম-পদ্ধতি" নোটটা পড়ুন।

১. অনুধাবন করা: নিরাপদ প্রোগ্রামের লক্ষ্য হল ক্ষতিগ্রস্ত জনগণকে যথাসম্ভব যেকোনো ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত সেফগার্ডিং সংক্রান্ত সমস্যা বা ঝুঁকিগুলি থেকে সুরক্ষিত রাখা যেগুলো সিএসও প্রোগ্রাম পরিকল্পনা এবং বাস্তবায়নের কারণে উদ্ভূত হয়।

কমিউনিটিতে তাদের কার্যকলাপ পরিচালনার সময়, সিএসওরা নিম্নোক্ত ঘটনা বা তার অনুরূপ ঘটনার সম্মুখীন বা তার সাক্ষী

⇒ সিএসও-র একজন পুরুষ কর্মী খাদ্য সহায়তা বিতরণের সময় অশোভনভাবে নারী ও মেয়েদের স্পর্শ করে।

⇒ একটি ছেলে/মেয়ে একটা সিএসও-র দ্বারা পরিচালিত কার্যক্রমের স্থানে হেঁটে যাতায়াতের সময় কমিউনিটির একজন সদস্য তাকে নির্যাতন বা হয়রানি করল।

⇒ কমিউনিটির একজন পুরুষ নেতা অথবা একটা নাগরিক সমাজ সংস্থার (সিএসও) সাথে কর্মরত একজন পুরুষ কর্মী/স্বেচ্ছাসেবক একজন নারীকে খাদ্য বা অন্যান্য সামগ্রীর বিনিময়ে, অথবা ট্রাণের তালিকায় অন্তর্ভুক্ত করার বিনিময়ে তার সাথে যৌন সম্পর্ক স্থাপন করতে বললেন।

২. প্রস্তুতি গ্রহণ: প্রোগ্রামের নিরাপদ পরিকল্পনা এবং প্রয়োগে সহায়তা করার জন্য আপনাদের উচিত:

- ✓ একজন সেফগার্ডিং ফোকাল পয়েন্ট (এসএফপি) নিয়োগ করুন এবং তাকে কার্যপরিধি বলুন।
- ✓ সমস্ত কর্মীদের সেফগার্ডিং সম্পর্কে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করুন।
- ✓ স্থানীয় সহায়তা সেবাগুলোর একটি ম্যাপিং করুন এবং একটি রেফারাল পাথওয়ে তৈরি করুন।
- ✓ যেকোনো তদন্ত শুধুমাত্র প্রশিক্ষিত তদন্তকারীদের দিয়ে পরিচালনা করা নিশ্চিত করুন।
- ✓ নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের দক্ষ কর্মীদের মাধ্যমে সহায়তা প্রদান নিশ্চিত করুন।

বাংলায়-এ সহায়ক রিসোর্সগুলি এখানে পাবেন: [সেফগার্ডিং রিসোর্স এবং সাপোর্ট হাব/বাংলাদেশ:](#)

৩. আস্থা গড়ে তোলা: প্রোগ্রামের প্রতিটি স্তরে কমিউনিটিকে যুক্ত করুন:

একটি সংঘাতের পরে, কমিউনিটির মধ্যে নেতৃত্ব, সামাজিক সমর্থন ব্যবস্থা, কমিউনিটির সাথে জড়িত প্রতিষ্ঠান ও সংস্থা এবং নির্যাতন ও নির্যাতনকারীদের ঝুঁকি ও ধরনগুলো পরিবর্তিত হয়। কমিউনিটির মধ্যে আস্থা গড়ে তোলা এবং তাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করাই কার্যক্রম নিরাপদ করার মূল চাবিকাঠি।

কমিউনিটি নিম্নোক্তগুলো করতে পারে:

- একটি কার্যক্রমের কোন অংশ তাদের নিরাপদ এবং কম নিরাপদ মনে হয় তা চিহ্নিত করা।
- কমিউনিটির সদস্যরাই সঠিকভাবে জানাতে পারেন যে কীভাবে, কখন, কোথায় এবং কার কাছে তারা সিএসও কর্তৃক নির্যাতনের অভিযোগ করতে সবচেয়ে বেশি স্বাচ্ছন্দ্য বোধ করবেন।

৪. নিরাপদে বিতরণ করুন: প্রোগ্রামের প্রতিটি স্তরে নিরাপদ কার্যক্রম ব্যবস্থা অন্তর্ভুক্ত করুন:

